রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ডিসেম্বর ১৯, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৬ অগ্রহায়ন, ১৪২৬ বঙ্গাব্দ / ১১ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৬.১৯.২৪১**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০১৯ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**সৈয়দ আমিনুল ইসলাম**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।



মূল্য : টাকা ১৬.০০

## ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা'' শিল্প

## খসড়া সুপারিশ-২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০. ০১৬.৩২.০৫২.১৭.১২৫ তারিখ: ০৭/১০/২০১৯ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা'' শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং ১৯/০৯/২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস. আর. ও নম্বর ২৮৭-আইন/২০১৯ তারিখ: ১৭/০৯/২০১৯) নিম্নতম মজুরী বোর্ডে ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা'' শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ ঢাকা জেলায় অবস্থিত আর্কুবালিনো ফুটওয়্যার লিমিটেড ও মাতৃঘর লিমিটেড এবং গাজীপুর জেলায় অবস্থিত ব্লু ওশ্যান ফুটওয়্যার লিমিটেড এ উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ এবং তথ্য উপাত্ত সংগ্রহ করেন। বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য কর্তৃক দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরণ, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা'' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ''চামড়াজাত পণ্য ও জুতা কারখানা'' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্ট্যারভুক্ত: করত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা একককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

**সৈয়দ আমিনুল ইসলাম**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)**
নিরপেক্ষ সদস্য

**(কাজী সাইফুদ্দীন আহমদ)**
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**(ফজলুল হক মন্টু)**
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**(মোঃ মমিনুল আহসান)**
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য।

(মোঃ আনিছুর রহমান)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য।

**তফসিল ‘‘ক’’**

শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১:<br>১। চীফ কোয়ালিটি কন্ট্রোলার<br>২। লাইন লিডার/গ্রুপ লিডার<br>৩। স্যাম্পল ম্যান | ৭৭৮০/- | ৩৮৯০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১৩৫২০/- |
| ২। | গ্রেড-২:<br>১। সিনিয়র অপারেটর (সকল ধরণের মেশিনের জন্য)<br>২। সিনিয়র ডেসপ্যাচম্যান<br>৩। সিনিয়র নাইফ সাপ্লাইয়ার<br>৪। সিনিয়র মার্কিং ম্যান<br>৫। সিনিয়র প্যাকিংম্যান<br>৬। সিনিয়র এ্যাসেমব্লিম্যান<br>৭। সিনিয়র প্রিপারেশন ম্যান<br>৮। সিনিয়র প্রাইমার এপ্লাইয়ার<br>৯। সিনিয়র হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১০। সিনিয়র আয়রণ ম্যান/ ফিটিংম্যান<br>১১। সিনিয়র অপারেটর ডিলাষ্টিং | ৬১১০/- | ৩০৫৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১১০১৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১২। সিনিয়র এজকালার এপ্লাইয়ার<br>১৩। সিনিয়র ক্রিম এপ্লাইয়ার<br>১৪। সিনিয়র মোল্ড চেনজার<br>১৫। সিনিয়র অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং<br>১৬। সিনিয়র ইনপুট/ আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>১৭। সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর/ চেকার<br>১৮। সিনিয়র অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>১৯। সিনিয়র মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৩। | গ্রেড-৩:<br>১। অপারেটর (সকল ধরণের মেশিনের জন্য)<br>২। ডেসপ্যাচম্যান<br>৩। স্ক্রিন প্রিন্টার ম্যান<br>৪। নাইফ সাপ্লাইয়ার<br>৫। প্যাকিংম্যান<br>৬। এ্যাসেমব্লিম্যান<br>৭। গ্লু এপ্লাইয়ার<br>৮। সকস পেস্টার<br>৯। মার্কিং ম্যান<br>১০। প্রিপারেশন ম্যান<br>১১। প্রাইমার এপ্লাইয়ার<br>১২। হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১৩। আয়রণ ম্যান/ফিটিংম্যান<br>১৪। অপারেটর ডিলাস্টিং<br>১৫। এজকালার এপ্লাইয়ার<br>১৬। ক্রিম এপ্লাইয়ার<br>১৭। মোল্ড চেনজার<br>১৮। অপারেটর হ্যান্ড স্টিচিং/ হ্যান্ড কাটিং | ৫০০০/- | ২৫০০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯৩৫০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৯। ইনপুট/আউটপুট/এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২০। কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২১। অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২২। মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৪। | <u>গ্রেড-৪:</u><br>১। জুনিয়র অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। জুনিয়র ডেসপ্যাচম্যান<br>৩। জুনিয়র স্ক্রিন প্রিন্টার ম্যান<br>৪। জুনিয়র নাইফ সাপ্লাইয়ার<br>৫। জুনিয়র গ্লু এপ্লাইয়ার<br>৬। জুনিয়র প্যাকিংম্যান<br>৭। জুনিয়র এ্যাসেমব্লিম্যান<br>৮। জুনিয়র সকস পেস্টার<br>৯। জুনিয়র মার্কিং ম্যান<br>১০। জুনিয়র প্রিপারেশন ম্যান<br>১১। জুনিয়র প্রাইমার এপ্লাইয়ার<br>১২। জুনিয়র অপারেটর ইনসোল এট্যাচিং<br>১৩। জুনিয়র হটএয়ার ব্লুয়ার ম্যান<br>১৪। জুনিয়র আয়রণ ম্যান<br>১৫। জুনিয়র অপারেটর ক্লিনিং<br>১৬। জুনিয়র অপারেটর ডিলাষ্টিং<br>১৭। জুনিয়র এজকালার এপ্লাইয়ার<br>১৮। জুনিয়র ক্রিম এপ্লাইয়ার | ৪৪৫০/- | ২২২৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৫২৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৯। জুনিয়র মোল্ড চেনজার<br>২০। জুনিয়র অপারেটর হ্যান্ড স্টিচিং/ হ্যান্ড কাটিং<br>২১। জুনিয়র ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২২। জুনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২৩। জুনিয়র অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২৪। জুনিয়র মেশিন অপারেটর (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৫। | গ্রেড-৫:<br>১। জেনারেল অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। জেনারেল ডেসপ্যাচম্যান<br>৩। জেনারেল সাপ্লাই লাইনিং (সিনথেটিক)<br>৪। জেনারেল স্ক্রিন প্রিন্টার ম্যান<br>৫। জেনারেল সীম রাবিং ম্যান<br>৬। জেনারেল প্যাকিংম্যান<br>৭। জেনারেল এ্যাসেমব্লিম্যান<br>৮। জেনারেল গ্লু এপ্লাইয়ার<br>৯। জেনারেল হ্যামারিং ম্যান<br>১০। জেনারেল অপারেটর টোপাফ এট্যাচিং<br>১১। স্টিকার পুটিং ম্যান<br>১২। জেনারেল অপারেটর পাঞ্চিং<br>১৩। জেনারেল অপারেটর ইনসোল এট্যাচিং | ৩৯৫০/- | ১৯৭৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৭৭৭৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৪। জেনারেল হিল কালার ম্যান<br>১৫। জেনারেল অপারেটর হিল বিটিং (ইনসোল)<br>১৬। জেনারেল অপারেটর ক্লিনিং<br>১৭। জেনারেল অপারেটর আউটসোল প্যাকিং/চেকিং<br>১৮। জেনারেল এজকালার এপ্লিকেশনার<br>১৯। জেনারেল অপারেটর চার্জিং ম্যান (ফিনিশ)<br>২০। জেনারেল প্রিপারেশন ম্যান<br>২১। জেনারেল অপারেটর হ্যান্ড স্টিচিং/হ্যান্ড কাটিং<br>২২। জেনারেল ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২৩। জেনারেল কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২৪। জেনারেল অপারেটর লেদার কাটিং (হ্যান্ড)<br>২৫। জেনারেল মেশিন অপারেটর ((ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পিইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |
| ৬। | <u>গ্রেড-৬:</u><br>১। সহকারী অপারেটর (সকল ধরনের মেশিনের জন্য)<br>২। সহকারী কাটিং/ফিটিং/আয়রন ম্যান<br>৩। সহকারী ডেসপ্যাচম্যান<br>৪। সহকারী ক্লিনিং ম্যান<br>৫। সহকারী টেপিং ম্যান<br>৬। সহকারী প্যাকিংম্যান<br>৭। সহকারী এ্যাসেমব্লিম্যান | ৩৫০০/- | ১৭৫০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৭১০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৮। সহকারী সুইং লেসিং ম্যান<br>৯। সহকারী সুতা কাটা ম্যান<br>১০। সহকারী লাষ্টিং ম্যান<br>১১। সহকারী বক্স মেকিং ম্যান<br>১২। সহকারী ইনসোল ম্যান<br>১৩। সহকারী আউটসোল চার্জিং ম্যান<br>১৪। সহকারী স্কিন প্রিন্ট ম্যান<br>১৫। সহকারী স্ট্যাম্পিং ম্যান<br>১৬। সহকারী টেপিং থ্রেড বার্নিং/ কাটিং ম্যান<br>১৭। সহকারী পিন এট্যাচ ম্যান<br>১৮। সহকারী আপার সেপিং ম্যান<br>১৯। সহকারী এজ কালার ম্যান<br>২০। সহকারী ইনপুট/আউটপুট/ এ্যাক্সোসরিজ ইস্যু ম্যান<br>২১। সহকারী ইনসোল স্ট্যাম্পিং ম্যান<br>২২। সহকারী ক্যারিয়ার, আউটসোল ক্লিনিং ম্যান<br>২৩। সহকারী কোয়ালিটি ইন্সপেক্টর/চেকার<br>২৪। সহকারী মেশিন (ই ভি এ, পি ভি সি, টিপিআর, স্ট্র্যাপ, কোল্ডমোল্ড, ডিআইপি, পি ইউ, ফয়েলিং, স্ক্যান, গ্র্যাইন্ডিং, কাটিং, ড্রিমিং, লিডার, টু-রোল মিল, টু-রোল ক্যালেন্ডা, হাইড্রোলিক প্রেস, ম্যাশ, লেমিনেশন) | | | | | | |

- **শিক্ষানবিস :**

(ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।

(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবীস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন।

(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তফসিল ‘‘খ’’

### কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | খাদ্য ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১:<br>১। স্টোর কিপার/ওয়ার হাউজ কিপার/টাইম কিপার<br>২। সিনিয়র ইলেকট্রিশিয়ান/মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৩। সিনিয়র স্যানিটারী টেকনিশিয়ান/প্লাম্বার<br>৪। সিনিয়র মটর ওয়াইন্ডার/ওয়েল্ডার<br>৫। সিনিয়র নার্স/মেডিকেল এসিস্ট্যান্ট<br>৬। সিনিয়র হাবিলদার/গার্ড কমান্ডার<br>৭। সিনিয়র মিস্ত্রি/ম্যাসন<br>৮। সিনিয়র ফায়ারম্যান | ৬৭৮০/- | ৩৩৯০/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১২০২০/- |
| ২। | গ্রেড-২:<br>১। হিসাব সহকারী/জুনিয়র এসিস্ট্যান্ট<br>২। পাম্প অপারেটর<br>৩। হাবিলদার/গার্ড কমান্ডার<br>৪। টেলিফোন অপারেটর<br>৫। সহকারী স্টোর কিপার/ক্যাশিয়ার<br>৬। কম্পিউটার অপারেটর/ডাটা এন্ট্রি অপারেটর<br>৭। ইমপোর্ট সহকারী/এক্সপোর্ট সহকারী<br>৮। ইলেকট্রিশিয়ান/মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৯। শিশু পরিচর্যাকারী<br>১০। মটর ওয়াইন্ডার<br>১১। নার্স/জুনিয়র মেডিকেল এসিস্ট্যান্ট<br>১২। ওয়েল্ডার<br>১৩। ফায়ারম্যান<br>১৪। মিস্ত্রি/ম্যাসন<br>১৫। ড্রাইভার (লাইট ও মিডিয়াম লাইসেন্স প্রাপ্ত) | ৬১১০/- | ৩০৫৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ১১০১৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | গ্রেড-৩:<br>১। ক্লার্ক/অফিস সহকারী<br>২। কেয়ারটেকার<br>৩। গার্ডেনার/টি-বয়/ক্যান্টিন বয়<br>৪। কুক<br>৫। অপারেটর (জেনারেটর/ কমপ্রেসার/ বয়লার/ইটিপি/ লিফট/এসি/ফটোকপি মেশিন)<br>৬। নিরাপত্তা প্রহরী/নিরাপত্তা প্রহরী (মহিলা) | ৫২৩০/- | ২৬১৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৯৬৯৫/- |
| ৪। | গ্রেড-৪:<br>১। সহকারী ক্যান্টিন বয়<br>২। সহকারী গার্ডেনার<br>৩। পিয়ন/চাইল্ড কেয়ার এসিস্ট্যান্ট<br>৪। পানি সরবরাহকারী/সহকারী প্লাম্বার/ সহকারী পাম্প অপারেটর<br>৫। কুক সহকারী<br>৬। প্যাকিং সহকারী<br>৭। সহকারী ইলেকট্রিশিয়ান/মেকানিক (সকল ধরনের মেশিনের জন্য)<br>৮। স্টোর সহকারী<br>৯। ক্লিনার/সুইপার<br>১০। ভ্যান ড্রাইভার/সহকারী ড্রাইভার (লাইট ও মিডিয়াম)<br>১১। মেইনটেনেন্স সহকারী<br>১২। দারোয়ান/চেকার/লোডার<br>১৩। জুনিয়র নিরাপত্তা প্রহরী/ নিরাপত্তা প্রহরী (মহিলা)<br>১৪। সহকারী অপারেটর (জেনারেটর/কমপ্রেসার/বয়লার/ ইটিপি/লিফট/এসি/ ফটোকপি মেশিন)<br>১৫। সহকারী মিস্ত্রি/ম্যাসন<br>১৬। সহকারী ফায়ারম্যান | ৪৪৫০/- | ২২২৫/- | ৬০০/- | ৩৫০/- | ৯০০/- | ৮৫২৫/- |

- **শিক্ষানবিস :**

(ক) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬০০০/- (ছয় হাজার) টাকা প্রাপ্ত হইবেন।

(খ) শিক্ষানবিসীকাল ০৬ (ছয়) মাস।

(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd